

💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১১৮. কোন অবিবাহিতা নারীকে তার সম্মতি ছাড়াই কোথাও তাকে বিবাহ্ দেয়া

আবু হুরাইরাহ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

﴿ الْبِكُرُ حَتَّى تُسْتَأُذَنَ ، قَالُوْا : يَا رَسُوْلَ اللهِ! وَكَيْفَ إِذْنُهَا ؟ قَالَ : أَنْ تَسْكُت ' 'কোন বিবাহিতা নারীকে (তার স্বামীর মৃত্যু বা তালাকের পর) তার সম্মতি ছাড়া তাকে অন্য কোথাও বিবাহ দেয়া যাবে না। তেমনিভাবে কোন অবিবাহিতা নারীকেও তার সম্মতি ছাড়া তাকে কোথাও বিবাহ দেয়া যাবে না। সাহাবাগণ বললেন: হে আল্লাহ্'র রাসূল (সা.)! তার (কোন অবিবাহিতা নারীর) বিবাহের সম্মতি হবে কি ধরনের ? রাসূল (সা.) বললেন: তার বিবাহের সম্মতি হচ্ছে (তার নিকট বিবাহের প্রস্তাব উপস্থাপনের পর) তার নীরব-নিঃশব্দ থাকা"।[1]

ফুটনোট

[1] (মুসলিম, হাদীস ১৪১৯)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=11368

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন